## ইংরেজি বিভাগ
## রাজশাহী বিশ্ববিদ্যালয়
## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে নিয়মিত এম.এ. প্রোগ্রামে (বহিরাগত শিক্ষার্থী) ভর্তি বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এম.এ. প্রোগ্রামে (এম.এ. ইন ইংলিশ এবং এম.এ. ইন ই.এল.টি.) শূন্য আসনে ভর্তি হতে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নে বর্ণিত যোগ্যতা ও শর্তপূরণ সাপেক্ষে নির্ধারিত ফর্মে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আবেদন ফরম রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.ru.ac.bd) অথবা ইংরেজি বিভাগের ওয়েবসাইট (www.ru.ac.bd/english) অথবা ইংরেজি বিভাগের অফিস থেকে সংগ্রহ করা যাবে।

যোগ্যতা:
বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয় (জাতীয় বিশ্ববিদ্যালয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ব্যতীত) হতে স্নাতক (সম্মান) পাশকৃত শিক্ষার্থীরা নিম্নোল্লিখিত শর্তে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

শর্তাবলী:

১. স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.০০ (৪.০০ স্কেলে) থাকতে হবে।
২. ইংরেজি বিষয়ে স্নাতক (সম্মান) থাকতে হবে।
৩. স্নাতক (সম্মান) পাশের পর ০৩ (তিন) শিক্ষাবর্ষের মধ্যে ভর্তির জন্য আবেদনের সুযোগ থাকবে।
৪. ভর্তি পরীক্ষার মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে এবং কলা অনুষদের অধিকর্তার তত্ত্বাবধানে ইংরেজি বিভাগ কর্তৃক এ পরীক্ষা পরিচালিত হবে।
৫. মাস্টার্স প্রোগ্রামে ভর্তি ও একাডেমিক কার্যক্রম বিশ্ববিদ্যালয় প্রণীত ক্যালেন্ডার অনুযায়ী বাস্তবায়িত হবে।
৬. ইংরেজি বিভাগে এম.এ. ইন ইংলিশ (English Literature) এবং এম.এ. ইন ই.এল.টি. (English Language Teaching) এই দুটি Stream এ ভর্তি করা হবে। (শূন্য আসন: ২৬)

নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। **আবেদনপত্র জমা দেওয়ার সময়সীমা: ০৬ আগষ্ট ২০২৬ থেকে ২৬ আগষ্ট ২০২৬।** আবেদন ফরম ইংরেজি বিভাগের অফিস থেকে অথবা অনলাইন ঠিকানা থেকে সংগ্রহ করতে হবে। **আবেদন ফরম এর মূল্য:** অফিস হতে সরাসরি ফরম সংগ্রহের ক্ষেত্রে নগদ ১০০০/- (এক হাজার) টাকা দিতে হবে অথবা অনলাইনে ফরম জমার ক্ষেত্রে বিকাশের মাধ্যমে ১০১০/- (একহাজার দশ। বিকাশ নম্বর আবেদন ফরম এ দেওয়া আছে) টাকা পাঠাতে হবে। পূরণকৃত আবেদনপত্র সরাসরি অফিসে অথবা অনলাইন ঠিকানায় পাঠাতে হবে (অনলাইনে আবেদনপত্র পাঠানোর ই-মেইল আইডি: englishru2016@gmail.com)। অনলাইনে আবেদন পাঠাতে ইচ্ছুকদের আবেদন ফরম লিগাল সাইজের পেপারে ফুল পেজে প্রিন্ট করে, ফরম পুরণ করার পর স্ক্যান করে, উপরোক্ত ইমেইল-এ পাঠাতে হবে। **বিভাগীয় অফিস থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র নিজ দায়িত্বে সংগ্রহ করতে হবে।**

**ভর্তি পরীক্ষার তারিখ:** ২৮ আগষ্ট ২০২৬; **ভর্তি পরীক্ষার ফলপ্রকাশ:** ৩০ আগষ্ট ২০২৬
**ভর্তি পরীক্ষার সময়:** সকাল ১১.০০ টা থেকে ১২.৩০ মিনিট, **স্থান:** শহীদুল্লাহ কলা ভবন, রা.বি.
**ভর্তি পরীক্ষার পূর্ণমান:** ৫০; ইংরেজি স্নাতক (সম্মান) পর্যায়ে পঠিত পাঠ্যক্রম হতে ২টি বড় প্রশ্ন (১৫×২)এবং ২টি সংক্ষিপ্ত প্রশ্ন (৫×২) উত্তর দিতে হবে; **পাশ নম্বর:** ২০

**ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের ভর্তির সময়ে যে সকল কাগজপত্র জমা দিতে হবে:**

১. এস.এস.সি., এইচ.এস.সি., বি.এ. (সম্মান) পাশের (১) নম্বরপত্র, (২) সনদপত্র এবং (৩) নিবন্ধনপত্র বা রেজিস্ট্রেশন কার্ড এর মূল কপি এবং সত্যায়িত কপি।
২. জাতীয় পরিচয়পত্র এবং জন্মনিবন্ধন এর মূল এবং সত্যায়িত ফটোকপি, ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র
৩. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ১ কপি সত্যায়িত ছবি

(প্রফেসর ড. মো. মোমিনুল ইসলাম)
সভাপতি
ইংরেজি বিভাগ
Professor Md. Mominul Islam, PhD
Chairman
Department of English
University of Rajshahi

(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসেন)
অধিকর্তা, কলা অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
ডীন, কলা অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

মেমো নং-

তারিখ:

অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. সভাপতি ইংরেজি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়
২. পরিচালক, আই.সি.টি. সেন্টার, রাজশাহী বিশ্ববিদ্যালয় (রা. বি. ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)